গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-২১

**শিক্ষা সহায়তা নিয়ে জুলাইযোদ্ধার পাশে দাঁড়ালো রুয়েট**

রাজশাহী, ০২ শ্রাবণ (১৭ জুলাই):

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (রুয়েট) দ্বিতীয় দিনের মতো জুলাই গণঅভ্যুত্থান পুনর্জাগরণ শীর্ষক কর্মসূচি পালিত হয়েছে। আজ বৃহস্পতিবার (১৭ জুলাই) বেলা ১১ টায় বিশ্ববিদ্যালয় হলরুমে এই কর্মসূচির আয়োজন করা হয়। অনুষ্ঠানে একজন জুলাইযোদ্ধাকে শিক্ষা সহায়তা প্রদান করা হয়।

শিক্ষা সহায়তা পাওয়া শিক্ষার্থী হলেন রাজশাহী শিক্ষা বোর্ড মডেল স্কুল এন্ড কলেজের কৌশিক ইসলাম অপূর্ব। অনুষ্ঠানে রুয়েট পরিবারের পক্ষ হতে তাঁর হাতে শিক্ষা সহায়তা হিসাবে এক লাখ টাকার চেক তুলে দেয়া হয়। অপূর্ব গত ৫ আগস্ট দুপুরে রাজশাহী নগরীর আলুপট্টি এলাকায় পায়ে গুলিবিদ্ধ হন এবং হাসপাতালে যাওয়ার পথে আবারও হামলার শিকার হন।

পবিত্র কুরআন তেলাওয়াতের মধ্য দিয়ে অনুষ্ঠান শুরু হয়। এসময় জুলাই আন্দোলনে শহিদদের আত্মার মাগফেরাত কামনা এবং আন্দোলনে আহত ও অংশগ্রহণকারীদের শ্রদ্ধার সাথে স্মরণ করা হয়।

শিক্ষার্থীগণ তাদের আন্দোলনে অংশগ্রহণের দিনগুলোর বাস্তব অভিজ্ঞতার স্মৃতিচারণ করে বৈষম্য ও দুর্নীতিমুক্ত বাংলাদেশ গড়ে তোলার প্রত্যয় ব্যক্ত করেন।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন বিভিন্ন অনুষদের ডিন, সকল পরিচালক, বিভাগীয় প্রধান, দপ্তর ও শাখা প্রধানগণসহ শিক্ষক-শিক্ষার্থী এবং কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।

জুলাইযোদ্ধাদের জন্য এমন সহায়তা কার্যক্রম অব্যাহত থাকবে বলে রুয়েট সূত্রে জানানো হয়েছে।

.....................................................................

স্মিতা/তৌহিদ/আতিক/হালিম/২০২৫/১৩:৩০ঘ

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০৭২১-৭৭২৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd